প্রথম আলো

তারিখ ..09 DEC..2015. ...
পৃষ্ঠা ..৬... কলাম...২ ......

# কুষ্টিয়ায় আঞ্চলিক গণিত উৎসবের নিবন্ধন চলছে

কুষ্টিয়া অফিস ●

কুষ্টিয়ায় আঞ্চলিক গণিত উৎসবের জন্য নিবন্ধন চলছে। পাঁচটি জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য এ নিবন্ধন গত শনিবার থেকে শুরু হয়েছে।

ডাচ-বাংলা ব্যাংক-*প্রথম আলোর* আয়োজনে এ গণিত উৎসব এবার চতুর্দশবারের মতো অনুষ্ঠিত হবে। ২০১৬ সালের হংকংয়ে অনুষ্ঠেয় ৫৭তম আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডের দল, নির্বাচন করতে সারা দেশে এ উৎসব শুরু হবে, ১৮ ডিসেম্বর।

এ বছর মোট ২৪টি জেলায় আঞ্চলিক গণিত উৎসব অনুষ্ঠিত হবে। আঞ্চলিক গণিত উৎসবের বিজয়ীরা ফেব্রুয়ারি মাসে ঢাকায় অনুষ্ঠেয় চতুর্দশ বাংলাদেশ গণিত অলিম্পিয়াডে অংশ নেবে।

আয়োজকেরা জানিয়েছেন, কুষ্টিয়া আঞ্চলিক গণিত উৎসব ১৯ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। কুষ্টিয়া পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজে এ উৎসব হবে। কুষ্টিয়ার পাশাপাশি পাবনা, মেহেরপুর, চুয়াডাঙ্গা ও ঝিনাইদহের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর তৃতীয় থেকে দ্বাদশ শ্রেণির এক হাজার শিক্ষার্থী এতে অংশ নিতে পারবে। তবে তার আগে, ক্যাটাগরির ভিত্তিতে নাম নিবন্ধন করতে হবে।

প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত *প্রথম আলোর* কুষ্টিয়া অফিসে (ফজলুল বারী মার্কেটের তৃতীয় তলা, শিল্পকলার সামনে, চৌধুরী কওসের উদ্দীন সড়ক, মজমপুরগেট, কুষ্টিয়া—মুঠোফোন ০১৭১৭৪৪৫৫০৪) এসে নিবন্ধন করা যাবে। 'আগে এলে আগে' ভিত্তিতে নিবন্ধন করা হবে।